



নং-২৬.০৫.০০০০.০২৩.০৭.২৫৮.১৯.১২০১৩

তারিখঃ ২৬-১১-২০১৮ খ্রি:

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরে ডিলারদের অনুকূলে ২য় কিস্তির পণ্যাদি বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্র: বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.১১৩.৬০.০১৬.১৪.৪৪৭; তারিখ ২৫-১১-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের অনুমোদনের প্রেক্ষিতে টিসিবি'র পণ্যাদি ভোক্তা সাধারণের নিকট সাশ্রয়ী মূল্যে বিক্রয়ের নিমিত্ত টিসিবি'র নিয়োজিত ডিলারদের অনুকূলে ২০১৮-১৯ অর্থ বছরের ২য় কিস্তিতে নিম্নে বর্ণিত দর ও পরিমাণে পণ্যাদি বরাদ্দ দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক্রঃ নং	পণ্যের নাম	ভোক্তা মূল্য প্রতি কেজি/লিটার {পরিচালন ব্যয়সহ (টাকায়)}	ডিলার প্রতি বরাদ্দের পরিমাণ (কেজি/লিটার)
১।	চিনি (তীর ব্রান্ড)	টঃ ৪৭.০০	৫০০-১,৫০০ কেজি
২।	মশুর ডাল (অস্ট্রেলিয়া উৎসের মাঝারি সাইজ)	টঃ ৪৪.০০	৫০০-১,৫০০ কেজি
৩।	সয়াবিন তেল (পুষ্টি ব্রান্ডের ৫লিটার পেট বোতল)	টঃ ৮৫.০০	৪০০-৮০০ লিটার

- ২। ২য় কিস্তির বরাদ্দের মেয়াদ আগামী ০২-১২-২০১৮ তারিখ হতে ১৭-১২-২০১৮ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ৩। পণ্য উত্তোলনে আগ্রহী ডিলারদের তথ্যাদি এতদসঙ্গে প্রেরিত সংযোজিত ছক-০১ এ ডিএসই(সিএমএস ও বিওবি) বরাবরে আগামী ২৮-১১-২০১৮ তারিখের মধ্যে ই-মেইল এ প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৪। ৫০ কিঃ মিঃ দূরত্বের মধ্যে অবস্থিত ডিলারগণ প্রতি কেজি/লিটারে ৩.৫০ টাকা, ৫১-১০০ কিঃ মিঃ দূরত্বের মধ্যে অবস্থিত ডিলারগণ প্রতি কেজি/লিটারে ৪.৫০ টাকা এবং ১০০ কিঃ মিঃ দূরত্বের বাইরে অবস্থিত ডিলারগণ প্রতি কেজি/লিটারে ৫.৫০ টাকা হারে 'পরিচালন ব্যয়' বাবদ প্রাপ্য হবেন।
- ৫। ডিলারদেরকে প্রদেয় পরিচালন ব্যয় হতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩(ই) উপধারা অনুযায়ী প্রযোজ্য আয়কর উৎসে কর্তন করে সরকারি কোষাগারে জমা নিশ্চিত করতে হবে।
- ৬। বরাদ্দপত্র ইস্যু ও পণ্য বিতরণের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াবলীঃ
- (১) গুদামে মজুদ আগের পণ্য আগে বরাদ্দ দিতে হবে।
  - (২) টিসিবি'র সকল আঞ্চলিক কার্যালয়/ক্যাম্প অফিসের বরাদ্দকৃত পণ্যাদির মূল্য টিসিবি'র নির্ধারিত ব্যাংক একাউন্ট নম্বরে জমা করতে হবে। ব্যাংকে টাকা জমা নিশ্চিত হওয়ার পর ডি.ও ইস্যু করতে হবে। ইস্যুকৃত বরাদ্দ পত্রের বিপরীতে দুপুর ২.৩০ টার পর ব্যাংকে টাকা জমা নেয়া হবে না, এ বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকে পত্র প্রেরণ করতে হবে।
  - (৩) অনুমোদিত ২(দুই) জনের যৌথ স্বাক্ষরে ডি.ও ইস্যু করতে হবে।
  - (৪) ডি.ও গ্রহণকারী ডিলারদের নাম, ঠিকানা ও মোবাইল ফোন নম্বরসহ আইটেম ভিত্তিক বরাদ্দকৃত পণ্যের পরিমাণ উল্লেখপূর্বক বরাদ্দপত্র ইস্যুর সাথে সাথেই উহা ই-মেইল এর মাধ্যমে এবং পত্র মারফত সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার বরাবরে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়/ক্যাম্প অফিস প্রধানগণ প্রেরণ করবেন। একইসাথে তা সংস্থার চেয়ারম্যান, পরিচালক (সিএমএস ও বিওবি) এবং উপ-উর্ধ্বতন কার্যনির্বাহী (সিএমএস ও বিওবি) ([mdsuzauddullah1617@gmail.com](mailto:mdsuzauddullah1617@gmail.com)) বরাবর ই-মেইল এর মাধ্যমে অবহিত করতে হবে।
  - (৫) বরাদ্দ চলাকালে ৬(৪) নং ক্রমিক বর্ণিত ব্যবস্থার পাশাপাশি ডিলারগণকে বরাদ্দ প্রদানের সাথে সাথেই বরাদ্দ প্রাপ্ত ডিলারদের নাম, ঠিকানা ও মোবাইল ফোন নম্বরসহ আইটেমভিত্তিক বরাদ্দকৃত পণ্যের পরিমাণ ও নির্ধারিত ভোক্তামূল্য উল্লেখপূর্বক টিসিবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের অফিস প্রধানগণ তাঁদের Live Face Book আইডি নম্বর হতে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সাথে Live Face Book আইডিতে যুক্ত হয়ে তথ্যাদি প্রদান করে ডিলারদের নামে বরাদ্দকৃত পণ্যাদি নির্ধারিত ভোক্তামূল্যে ও নির্ধারিত বিক্রয়ের স্থানে সঠিকভাবে বিক্রয় নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করবেন।
  - (৬) প্রতিদিনের বরাদ্দ শেষে প্রতিদিনের পণ্য বিক্রির হিসাব টেলিফোনে ও ই-মেইল এর মাধ্যমে সংযোজিত ছক-০২ এ উপ-উর্ধ্বতন কার্যনির্বাহী (সিএমএস ও বিওবি) টিসিবি প্রধান কার্যালয়, ঢাকাকে বিকেল ৩.০০ টার মধ্যে জানাতে হবে এবং বরাদ্দের মেয়াদ শেষে টিসিবি প্রধান কার্যালয়ে বিস্তৃত বিবরণ জানাতে হবে।
  - (৭) সকল ডিলার ওজন ও গুণগতমান দেখে পণ্যাদি সরবরাহ নিবে এবং অনাপত্তি স্বাক্ষর করবে। গুদাম থেকে পণ্যাদি ডেলিভারী নেয়ার পর কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না মর্মে অফিস প্রধানগণ ডিলারদের জানানোর ব্যবস্থা গ্রহণ করবেন। গুদাম থেকে ডিলারদেরকে পণ্য সরবরাহ দেয়ার সময় পণ্যের গুণগতমান নিশ্চিত হয়ে পণ্য সরবরাহ দিতে হবে।

(চলমান পাতা-২)




২য় পাতা

(৮) ডিলারগণ টিসিবি'র গোডাউন থেকে পণ্যাদি উত্তোলনের পর স্থানীয় প্রশাসনের নিকট লিখিত আগমনি সংবাদ (Arrival Report) দিয়ে দোকানের দৃশ্যমান স্থানে লাল কাপড়ে/প্যানাক্লেস্কে টিসিবি'র বরাদ্দকৃত পণ্যের নির্ধারিত মূল্য সংবলিত লিখিত ব্যানার টাঞ্জিয়ে পণ্য বিক্রি করবেন।

(৯) পণ্য বরাদ্দপ্রাপ্ত ডিলারগণ যাতে ডিলারের নির্ধারিত দোকানে যথানিয়মে পণ্য বিক্রয় করেন তা সংশ্লিষ্ট অফিস প্রধানগণ সংশ্লিষ্ট ডিলার এবং জেলা ও উপজেলা প্রশাসনের সাথে নিবীড়ভাবে যোগাযোগ রক্ষা করে নিশ্চিত করবেন। ডিলারগণ নির্ধারিত দোকান ব্যতিত অন্য কোন স্থানে পণ্য বিক্রয় করলে উক্ত ডিলারের ডিলারশীপ জামানত বাজেয়াপ্ত করে ডিলারশীপ বাতিল করা হবে, যা ডিলারগণকে অবহিত করতে হবে।

সংযুক্তঃ ০২(দুই) পাতা।

  
২৬-১১-২০১৫  
(মোঃ শাহাবুদ্দিন)  
প্রধান কর্মকর্তা(সিএমএস ও বিওবি)  
ফোনঃ ৮১৮০০৬২  
ই-মেইল: tcbocms@tcb.gov.bd

কার্যার্থেঃ

- ১। অফিস প্রধান, টিসিবি আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/মৌলভীবাজার।
- ২। অফিস প্রধান, টিসিবি ক্যাম্প অফিস, ময়মনসিংহ।
- ৩। জনাব মোঃ সাইফুল ইসলাম(সংরক্ষণ ও বিক্রয় সহকারী), সংস্থাপন শাখা, টিসিবি প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে অবিলম্বে পত্রটি টিসিবি'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৩। পরিচালক (সিএমএস ও বিওবি), টিসিবি, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, (সকল)-----। তাঁর জেলাধীন বর্ণিত বিক্রয় কার্যক্রম তদারকির নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)-----। তাঁর উপজেলাধীন বর্ণিত বিক্রয় কার্যক্রম তদারকির নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।
- ৬। একান্ত সচিব, মাননীয় বাণিজ্য মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। একান্ত সচিব, মাননীয় সভাপতি, বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৮। একান্ত সচিব, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। প্রধান কর্মকর্তা (অর্থ ও হিসাব), টিসিবি, ঢাকা।